দামুড়হুদায় জনসচেতনতা মূলক বিট পুলিশিং সভা অনুষ্ঠিত

‘বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’ তথ্য দিন, সেবা নিন স্লোগানকে সামনে রেখে সাইবার বুলিং, কিশোর গ্যাং, সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক, জুয়া, ইভটিজিং, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধের লক্ষ্যে দামুড়হুদা মডেল থানার আয়োজনে বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৫টার সময় উপজেলার চিৎলা মোড়ে বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর সভাপতিত্বে এবং এস আই রিয়াজুল ইসলামের সঞ্চলায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এস আই আসাদুজ্জামান আসাদ, ওসি অপারেশন হিমেল, এএস আই আলমগীর হোসেন, এআসআই ওহিদুল, সদর ইউপি’র ৫ নং ওয়ার্ড সদস্য মতিয়ার রহমান, ৮নং ওয়ার্ড সদস্য হাসান আলী, ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুজ্জামান টোকন, উপজেলা যুবলীগের দপ্তর সম্পাদক রকিবুল ইসলাম, উপজেলা যুবলীগ নেতা ইকরামুল হক, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু। এছাড়াও উপস্থিত ছিলেন আগত আমন্ত্রীত অতিথি বৃন্দ, রাজনৈতিক ব্যক্তিবর্গ, গ্রাম পুলিশ ও স্থানীয় সর্বস্তরের জনগণ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির সর্বসাধারণের উদ্দেশ্যে বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে দামুড়হুদা মডেল থানা বদ্ধপরিকর।

দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী হওয়ায় এটি একটি স্পর্শকাতর থানা। আমরা সর্বাত্তক চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকে। পুলিশ সারাদেশে বিট পুলিশিং সেবা চালু করেছে। দামুড়হুদা যেমন একটি মডেল থানা, তেমনি এই দামুড়হুদা ইউনিয়ন বিট পুলিশও আপনাদের সবার জন্য একটি থানা মনে করবেন।

আর এই বিটে এসআই রিয়াজুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। যাতে করে জনগণ আরো দ্রুত সময়ে যেকোন ধরনের নাগরিক সেবা পেতে সক্ষম হয়। বিট পুলিশিং হলো অনলাইন কেনাকাটার মত। আপনি ঘরে বসেই বিট

পুলিশিং এর মাধ্যমে যেকোন পুলিশিং সেবা গ্রহণ করতে পারবেন। দামুড়হুদা থানা এলাকায় আপনাদের যেকোন সমস্যায় দামুড়হুদা মডেল থানার দরজা আপনাদের জন্য সব সময় উন্মুক্ত থাকে। কোন দালাল ধরার দরকার নেই সরাসরি আপনারা আমার কাছে চলে আসবেন, আমার ফোন নাম্বার রাখেন যে কোন বিষয়ে আমাকে ফোন দেবেন আমি সর্ব্বোচ চেষ্টা করব।

এখন শুধু প্রয়োজন আপনাদের সচেতনতা এবং স্বতফূর্ত অংশগ্রহণ। পুলিশ এবং আপনারা হাতে হাত রেখে, কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে একটি স্মার্ট দামুড়হুদা গড়ে তোলা সম্ভব।

তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে আরো বলেন, মাদক ব্যবসায়ী সহ সকল অপকর্মের হোতাদের তথ্য দিয়ে সহযোগিতা করুন। তথ্যদাতাদের নাম গোপন রেখে অন্যায়কারীদের আইনের আওতায় আনা হবে। এছাড়া আইন শৃংখলা নিয়ন্ত্রণে দামুড়হুদা মডেল থানা পুলিশ কঠোর অবস্থানে রয়েছে।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মুফতী মাঃ মোঃ মামুনুর রশীদ।

দামুড়হুদা সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশী আহত

দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্তের বিপরীতে ভারতীয় অংশে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে আজমুল হোসেন (৩০) নামে এক বাংলাদেশী আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৪ জুলাই) ভোর ৪ টার দিকে উপজেলার ঠাকুরপুর সীমান্তের বিপরীতে ভারতীয় অংশে এ ঘটনা ঘটে। আহত অবস্থায় বিএসএফ তাকে উদ্ধার করে ভারতের শক্তিনগর জেলা হাসপাতালে ভর্তি করেছে। বর্তমানে আজমুল হোসেন ওই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহত আজমুল হোসেন দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর গ্রামের আব্বাস আলীর ছেলে।

গ্রামবাসী জানায়, আজমুল হোসেনসহ ৬-৭ জন বাংলাদেশী বৃহস্পতিবার

ভোর ৪ টার দিকে দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশের চেস্টা করছিলো। এ সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (৮২-বিএসএফের) মালুয়াপাড়া ক্যাম্পের সদস্যরা তাদেরকে লক্ষ্য করে গুলি ছোড়ে। বিএসএফের ছোড়া গুলি আজমুল হোসেনের পায়ে লেগে তিনি গুরুতর আহত হন এবং তার অন্য সহযোগীরা পালিয়ে যান। পরে বিএসএফের সদস্যরা আহত অবস্থায় আজমুল হোসেনকে উদ্ধার করে শক্তিনগর জেলা হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে আজমুল হোসেন ওই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বিজিবির চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিননায়ক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান সীমান্তে বিএসএফের গুলিতে আজমুল হোসেন নামে এক যুবকের আহত হওয়ার ঘটনা নিশ্চিত করেছেন।

দামুড়হুদায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সারবীজ কীটনাশক বিতরণ

দামুড়হুদায় ২০২৩ – ২০২৪ অর্থ বছরে খরিপ ২০২৪-২৫ মৌসুমে রোপা আমন (উফশী) ও গ্রীষ্মকালীন পেয়াজ উৎপাদন বৃদ্ধির নিমিত্তে ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সার ও বালাই নাশক বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা চত্বরে কৃষি অফিসের সামনে উপজেলার মোট ৮৫০ জন কৃষকের মধ্যে সার বীজ কীটনাশক বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবীর ইউসুফ, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প্রাণী সম্পদ অফিসার নীলিমা আক্তার হ্যাপী, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল-সাবা, দামুড়হুদা

প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপ-সহকারী কৃষি অফিসার সোহরাব হোসেন, মেহেদী হাসান, সাইফুল ইসলাম, লিপ্টন বাদশা, মকুল হোসেন সহ কৃষি অফিসারের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপজেলার ৭৩০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষককে ৫ কেজি রোপা আমন ধানের বীজ, ১০ কেজি ডেপ, ১০ কেজি করে পটাশ সার বিনামূল্যে বিতরণ করা হয়। এছাড়াও ১২০ জন জন কৃষকের মাঝে গ্রীষ্মকালীন পেয়াজ উৎপাদন বৃদ্ধির নিমিত্তে ১ কেজি এনকে ফিফটি থ্রী বিএডিসি জাতের বীজ, ২০ কেজি ডেপ, ২০ কেজি পটাশ সার ও বালাই নাশক বিতরণ করা হয়।

আলমডাঙ্গা প্রেসক্লাবে উপজেলা চেয়ারম্যান মঞ্জিলকে ফুলেল শুভেচ্ছা প্রদান

আলমডাঙ্গা প্রেসক্লাবের পক্ষ থেকে নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমানকে ফুলেল শুভেচ্ছা ও সম্মননা স্বারক প্রদান করা হয়েছে।

আজ বুধবার প্রেসক্লাবের আমন্ত্রণে উপজেলা চেয়ারম্যান প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে উপস্থিত হলে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় সাংবাদিকদের সাথে উপজেলা চেয়ারম্যানের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় উপজেলা চেয়ারম্যান কে, এম মঞ্জিলুর রহমান বলেন,সাংবাদিকদের কারণেই কিন্ত দুষ্কৃতিকারীরা অপরাধ করতে ভয় পাই। যে কোন একটা ছোট ঘটনা ঘটলেই সাংবাদিকরা তা তুলে ধরছেন। আপনাদের কারণেই যারা দুষ্কৃতিকারী, যারা খারাপ মানুষ তারা পিছিয়ে যাচ্ছে।

তিনি বলেন, আজকে আপনাদের সাথে মিলিত হতে পেরে আমি খুবই খুশি হয়েছি। আপনারা জানেন বর্তমান সরকারের আপনাদের যে অঘাত স্বাধীনতা দিয়েছে, বিশেষ করে প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায়। আজকে আপনাদের অবাধ বিচরণের কারণে অনেক অপরাধ লোপ পেয়েছে। রাজনীতি থেকে শুরু করে যারা দুষ্কৃতিকারী, যারা সমাজে খারাপ কাজের সাথে জড়িত ছিল সেই সমস্ত মানুষগুলো আজ কোথায়?

আপনাদের কারণেই আমি মনে করি এই আলমডাঙ্গার মানুষ এর সুফল ভোগ করছে। রাষ্ট্রের জন্য সমাজের জন্য আপনারা আপনাদের কর্মকান্ড চালিয়ে যান। আপনাদের সবই আছে শুধু অবকাঠামো নেই। এই অবস্থা থেকে যত দ্রুত সম্ভব আলমডাঙ্গা প্রেসক্লাবকে একটি নান্দনিক অবস্থানে নিয়ে যেতে আমরা কাজ করবো। আপনারা আমার পাশে থাকবেন এই প্রত্যাশা করছি।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে মত বিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সহসভাপতি শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন,হাবিবুর রহমান রুনু।

প্রসক্লাবের যুগ্ম সম্পাদক শাহাবুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, সহ সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম, প্রচার সম্পাদক জাফর জুয়েল, শিক্ষা ও সাহিত্য সম্পাদক এম, জামিরুল ইসলাম খান।

এ ছাড়াও অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানান,প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক তানভীর সোহেল, সাংগঠনিক সম্পাদক কাইরুল মামুন, আইসিটি বিষয়ক সম্পাদক মীর ফাহিম ফয়সাল, ধর্মীয় বিষয়ক সম্পাদক গোলাম রহমান চৌধুরী, ক্রীড়া সম্পাদক আব্দুর রাজ্জাক, অর্থ বিষয়ক সম্পাদক সৈয়দ সাজেদুল হক মুনি, সমাজ কল্যাণ সম্পাদক গোলাম সরোয়ার সদু,সহ প্রচার সম্পাদক হাসিবুল হক,নির্বাহী সদস্য নাসির উদ্দিন,রানা আহেম্মদ, হাসিবুল হক প্রমুখ।

দামুড়হুদায় ইটভাটার বিষাক্ত কালো ধোঁয়ায় ঝরে পড়ছে গাছের পাতা

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঠালতলা বাস স্ট্যান্ড নামক স্থানে প্রধান সড়কের পাশে থাকা বড়বড় চটকা গাছের তরতাজা পাতা আনমনে ঝরে পড়ছে। এতে সাধারণ মানুষের মাঝে দেখা দিয়েছে শংকা। গাছের আবার কি হলো? তাজা গাছের পাতা কিভাবে ঝরে পড়ছে। প্রচুর পরিমানে পাতা ঝরে পরাই ঘটনাটি গত দুইদিন ধরে এলাকাবাসী পর্যবেক্ষণ করছে। আগে কখনো এমনটি ঘটেনি বলে জানান স্থানীয়রা।

সরজমিনে ও স্থানীয় সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঠালতলা বাজার এলাকায় মহাসড়কের পাশে থাকা সরকারি মোটা মোটা চটকা গাছ আছে। সেই গাছ থেকে তরতাজা পাতাগুলো আপন মনে সব ঝরে পড়ছে। এতে করে এলাকার মানুষের মনে সন্দেহের বেড়াজাল বুনছে যে, গাছের আবার কি হলো? অবশেষে সন্দেহের জট কাটিয়ে দিল এলাকাবাসী।

স্থানীয় এলাকাবাসী বলছেন, কাঠালতলা বাস স্ট্যান্ড থেকে মাত্র কয়েক গজ দূরে তারিনীপুর গ্রামে যেতেই ডুগডুগি প্রাইমারি স্কুলের সামনে অবস্থিত আছে পরপর দুই দুইটি ইটভাটা। নিয়মনীতি উপেক্ষা করেই একই জায়গায় দুইটি ইটভাটা গড়ে উঠেছে, যা সকলেই জানে এবং দেখছে তাতে সংশ্লিষ্ট কতৃপক্ষের কারো কোন মাথাব্যথা নেই। ইটভাটা দুইটির একটি নিউ শেখ ইটভাটা এবং অপরটি হেড ব্রিক্স। এই দুইটা ইটভাটার ইট প্রস্তুত করা হয় হাওয়ার মাধ্যমে কয়লা দিয়ে অর্থাৎ হাওয়ার ভাটা। একসাথে কয়েকদিন আগে বন্ধ করা হয় এই ইটভাটা। উক্ত ইটভাটা দুটির মধ্যে আটকে থাকা বিষাক্ত কালো ধোঁয়া হঠাৎই হাওয়ার সাথে বের হয়ে আসে। বিষাক্ত এই কালো ধোয়া যে গাছের উপর দিয়ে যাবে সেই গাছের পাতা সব অটোমেটিক ভাবে তাজা পাতা ঝরে পড়বে এমনটাই জানালেন স্থানীয় এলাকাবাসী। এই ইটভাটার মধ্যে আটকে থাকা এমনই বিষাক্ত কালো ধোঁয়া যে, এই ধোঁয়া যে গাছের উপর দিয়ে যাবে সেই গাছের সমস্ত তাজা পাতাই ঝরে পড়বে।

সরজমিনে দেখা গেছে তারিনীপুর ও জয়রামপুর কাঁঠাল তলা এলাকায় বেশ কিছু পুইশাকের বান আমড়া গাছসহ সবুজ গাছপালার পাতা সব শুকিয়ে ঝরে

দামুড়হুদায় দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে নিহত ১

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর দোয়ারধার নামক স্থানে দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে একজন নিহত ও একজন গুরুতর আহত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে দুই দিক থেকে আসা দুইটা আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে এ দূর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তি হলো আলমডাঙ্গা উপজেলার হাঁপানিয়া গ্রামের আমির আলীর ছেলে উজ্জ্বল হোসেন (২৮) এবং আহত ব্যক্তি হলো একই উপজেলার ভালাইপুর গ্রামের জহুরুল ইসলামের ছেলে ইব্রাহিম (৪০)।

স্থানীয় সুত্রে জানাগেছে, গতকাল বুধবার সকাল ১০ টার দিকে উপজেলার জয়রামপুর প্রধান সড়কে দর্শনা থেকে একটি মাছের খালি ড্রাম নিয়ে আলম সাধু ও অপর দিক দামুড়হুদা থেকে কাঠ বোঝায় আর একটি আলম সাধু গাড়ি দ্রুত গতিতে চালিয়ে আসে এবং দোয়ারধার নামক স্থানে এসে পৌঁছালে দুইটা গাড়ির মুখোমুখি সংঘর্ষ ঘটলে এ দূর্ঘটনা ঘটে। স্থানীয় এলাকাবাসী এসে দ্রুত তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক উজ্জ্বলকে পরিক্ষা নিরিক্ষার পরে মৃত ঘোষণা করেন এবং অপর গাড়ির চালক ইব্রাহীম চিকিৎসাধীন অবস্থায় আছে। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং আলম সাধু দুইটা উদ্ধার করে থানা হেফাজতে নেয়া হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে একজন নিহত হয়েছেন নিহতের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে আছে, এখনও পর্যন্ত কারো পক্ষ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।

দামুড়হুদায় হেরোইনসহ দুজন মাদক কারবারি গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে চিহ্নিত দু’জন মাদক কারবারি কে হেরোইন সহ গ্রেফতার করেছে। ওই সময় গ্রেফতারকৃত মাদক কারবারিদের কাছ থেকে ১০ (দশ) গ্রাম হেরোইন জব্দ করেছে পুলিশ। গতকাল সোমবার রাতে তাদেরকে থানা এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলা পুলিশের (এসপি) পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিক-নির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে এসআই, মোঃ রিয়াজুল ইসলাম, এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স নিয়ে থানার হাউলী এলাকায় মাদক বিরোধী অভিযান চালায়। এসময় হাউলী গ্রামের তিন রাস্তার মোড় থেকে মাদক কারবারি দশমী গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে মোঃ শরিফুল আলম
(৪১) ও মৃত আবুল কালামের ছেলে মোঃ জহুরুল ইসলাম (৩৫) কে গ্রেফতার করে পুলিশ। ওই সময় তাদের হেফাজতে থাকা ১০গ্রাম হেরোইন জব্দ করা হয়।

দামুড়হুদা মডেল থানার (ওসি) মোঃ আলমগীর কবির বলেন, গ্রেফতারকৃত দুজনেই চিহ্নিত মাদক কারবারি। তাদের নামে একাধিক মামলাও রয়েছে। হিরোইন সহ গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

[redacted]

[redacted]

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেনসিডিলসহ আল আমিনকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আল আমিন দর্শনা পৌরসভার আজমপুর গোরস্থান পাড়ার আব্দুস ছাত্তারের ছেলে। জানাযায় আজ মঙ্গলবার ২ জুলাই ভোর পৌনে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আজমপুর গোরস্থান পাকা রাস্তার উপর। এ সময় দর্শনা থানার এসআই সেকেন্দার আবু জাফর গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে আল আমিনকে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ বিষয়ে গ্রেফতারকৃত আল আমিনের বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।